

# যুগান্ত

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:১২ এএম

## শিক্ষাজ্ঞন

# এইচএসসি: ২০২ শিক্ষাপ্রতিষ্ঠানের সবাই ফেল



যুগান্ত প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ১০:২৫ এএম



ফাইল ছবি

২০২৫ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষায় দেশের ২০২টি শিক্ষা প্রতিষ্ঠানের সবাই ফেল করেছে।

বৃহস্পতিবার সকালে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার সভাকক্ষে বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির এ তথ্য জানিয়েছেন।

তিনি জানান, ২০২৪ সালে শতভাগ ফেল করা প্রতিষ্ঠান ছিল ৬৫টি। এবার সে সংখ্যা বেড়ে ২০২টি।

**এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ, পাসের হার ৫৮.৮৩%**

এবার ১১টি শিক্ষা বোর্ডে গড় পাসের হার ৫৮.৮৩ শতাংশ।